

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপত্র

[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/৯৮

তারিখ: ১০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ


## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: আইপিও সংক্রান্ত বিষয়ে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স এর খসড়া সুপারিশ প্রসঙ্গে।**

বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বাজারের সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গঠিত পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স অদ্য ২৪ মার্চ ২০২৫ কমিশনের নিকট আইপিও সংক্রান্ত বিষয়ে খসড়া সুপারিশমালা পেশ করেছেন। বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার জনাব মোঃ আলী আকবর ও কমিশনার জনাব জনাব ফারজানা লালারুখ এর উপস্থিতিতে 'পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স' উক্ত সুপারিশমালা আনুষ্ঠানিকভাবে বিএসইসি'র চেয়ারম্যান মহোদয়ের নিকট হস্তান্তর করেন। সুপারিশসমূহ হস্তান্তরের সময় টাস্কফোর্সের সদস্যবৃন্দ: ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির (এমআরএ) নির্বাহী ভাইস চেয়ারম্যান জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) সাবেক ব্যবস্থাপনা পরিচালক ও বাংলাদেশ ইন্টারন্যাশনাল আর্বিট্রেশন সেন্টারের (বিয়াক) প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব কে এ এম মাজেদুর রহমান, হদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং-এর জ্যেষ্ঠ অংশীদার জনাব এ এফ এম নেসার উদ্দিন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক আল-আমিন উপস্থিত ছিলেন। এছাড়াও পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স এর ফোকাস গ্রুপের সদস্যবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

আগামী ২৭ মার্চ ২০২৫ তারিখে দুপুর ২:০০ টা হতে ৩:০০ টা পর্যন্ত এক ঘন্টাব্যাপি বিএসইসি'র মাষ্টিপারপাস হলে উক্ত খসড়া সুপারিশের বিষয়ে একটি প্রেস কনফারেন্স আয়োজিত হবে। উক্ত প্রেস কনফারেন্সে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স উল্লেখিত খসড়া সুপারিশের বিষয়ে বিস্তারিত আলোচনা করবেন। উক্ত প্রেস কনফারেন্সে সকল সংবাদমাধ্যমের সংবাদকর্মীদের অংশগ্রহণের অনুরোধ জানানো যাচ্ছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

  
মোঃ আবুল কালাম  
পরিচালক ও মুখপাত্র

